

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৬৮

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/১১৪. বিতরের সালাত।

بَابِ مَا جَاءَ فِي الْوِتْرِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ الْمِصْرِيُّ، أَنْبَأَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي مُرَّةَ الزَّوْفِيِّ، عَنْ خَارِجَةَ بْنِ حُذَافَةَ الْعَدَوِيِّ، اللَّهِ بْنِ أَبِي مُرَّةَ الزَّوْفِيِّ، عَنْ خَارِجَةَ بْنِ حُذَافَةَ الْعَدَوِيِّ، قَالَ خَرَجَ عَلَيْنَا النَّبِيُّ - صلى الله عليه وسلم - فَقَالَ " إِنَّ اللَّهَ قَدْ أَمَدَّكُمْ بِصَلاَةٍ لَهِيَ قَالَ خَرَجَ عَلَيْنَا النَّبِيُّ - صلى الله عليه وسلم - فَقَالَ " إِنَّ اللَّهَ قَدْ أَمَدَّكُمْ بِصَلاَةٍ لَهِيَ خَيْرُ لَكُمْ مِنْ حُمُرِ النَّعَمِ الْوِتْرُ جَعَلَهُ اللَّهُ لَكُمْ فِيمَا بَيْنَ صَلاَةِ الْعِشَاءِ إِلَى أَنْ يَطْلُعَ الْفَجْرُ " .

বাংলা

১/১১৬৮। খারিজা ইবনু হুজাফা আল-আদাবী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট বের হয়ে এসে বলেনঃ নিশ্চয় আল্লাহ একটি সালাত (নামায/নামাজ) দ্বারা তোমাদের সাহায্য করছেন। এটা তোমাদের জন্য অনেক লাল উটের চেয়েও উত্তম। তা হলো বিতরের সালাত। আল্লাহ তোমাদের জন্য এটা এশা ও ফজরের মধ্যবর্তী সময়ে পড়ার জন্য নির্ধারণ করেছেন।

English

It was narrated that Kharijah bin Hudhafah Al-'Adawi said:

"The Prophet (ﷺ) came out to us and said: 'Allah has increased a prayer for you which is better for you than red camels. (It is) Witr, which Allah has enjoined on you between the 'Isha' prayer and the onset of dawn.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ৪৫২, আবূ দাউদ ১৪১৮, দারিমী ১৫৭৬।



তাহকীক আলবানী: লাল উটের চেয়ে উত্তম কথা কথাটি ছাড়া সহীহ। তাখরীজ আলবানী: আবূ দাউদ ১৪১৮ যঈফ, ইরওয়া ৪২৩ সহীহ, জামি সগীর ১৬২২ যঈফ, তিরমিয়ী ৪৫২ সহীহ, মিশকাত ১২৬৭ যঈফ, যঈফ তারগীব ৩৩৯ যঈফ, ইরওয়াহ ৪২৩, সহীহাহ ১০৮, ১১৪১, যঈফাহু ২৫৫। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন রাশিদ আয-যাওকী সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তিনি অপরিচিত।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ খারিজাহ বিন হুযাফাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন